



শিক্ষকের থাঙ্গড়ে কানের পর্দা ফাটল ছাত্রের || বাড়ু মিছিল

প্রকাশিত: ২১ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ২০ নবেম্বর || নগরকান্দা উপজেলায় একটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক থাঙ্গড় দেয়ায় এক ছাত্রের বাম কানের পর্দা ফেটে গেছে। ওই ছাত্রটি ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা নেয়ার পর বর্তমানে বাড়িতে শয্যাশায়ী রয়েছে। এ ঘটনা ঘটেছে উপজেলার চরঘণ্টার হাজী আবদুল মজিদ উচ্চ বিদ্যালয়ে গত সোমবার। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেনের থাঙ্গড়ে বিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী আজিম শেখের (১৬) কানের পর্দা ফেটে যায়। বুধবার দুপুরে বিদ্যালয় চতুরে প্রধান শিক্ষকের অপসারণ দাবি করে বাড়ু মিছিল করেছে শিক্ষার্থীরা।

এ বিষয়ে প্রধান শিক্ষক জাকির হোসেন বলেন, ওই ছাত্রকে ওভাবে কান পেঁচিয়ে থাঙ্গড় মারা তার ঠিক হয়নি। তিনি বলেন, আমি ভুল করেছি। বিষয়টি মিটমাট করার চেষ্টা করছেন বলে জানান প্রধান শিক্ষক।

উপজেলা নির্বাহী কর্মকর্তার চলতি দায়িত্বে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আহসান মাহমুদ বলেন, শিক্ষার্থীদের অভিযোগ ও দাবি সংবলিত স্মারকলিপিটি তিনি পেয়েছেন। তিনি বলেন, এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক ঘোষণা করা হল: জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে ঘোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ পার্ক, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com